

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 03 April, 2025

চট্টগ্রাম নগরীর জিইসি মোড়ে সৈদের গুভেচ্ছা ব্যানার টাঙানোকে কেন্দ্র করে কুসুমবাগ আবাসিক এলাকায় বিএনপির দুপক্ষে সংঘর্ষের ঘটনায় গুলিবদ্ধ যুবকের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার (৩ এপ্রিল) ভোরে নগরীর বেসরকারি মেট্রোপলিটন হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন।

নিহত যুবকের নাম মো. জিহাদ (২৭)। তিনি একই থানার লালখান বাজার এলাকার বাসিন্দা। তিনি নগর বিএনপির যুগ্ম আহ্বায়ক আব্দুল হালিম শাহ আলমের অনুসারী।

বিষয়টি নিশ্চিত করে খুলশী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আফতার হোসেন বলেন, “বিএনপির দুপক্ষের সংঘর্ষ ও গোলাগুলির ঘটনায় গুলিবদ্ধ অবস্থায় চিকিৎসাধীন জিহাদ ১২ দিন পর আজ ভোরে মারা গেছে। ওই সংঘর্ষের ঘটনার পরদিনই আহত এক ভিকটিমের পরিবার বাদী হয়ে ১৫ থেকে ২০ জনকে আসামি করে একটি মামলা করেছে। মামলার তদন্ত কার্যক্রম চলমান আছে।

এর আগে, ২১ মার্চ রাত আটটার দিকে নগর বিএনপির যুগ্ম আহ্বায়ক আব্দুল হালিম শাহ আলমের অনুসারী ও নগর ছাত্রদলের সদস্যসচিব শরিফুল ইসলামের অনুসারীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। ওই ঘটনায় গুলিবদ্ধ জিহাদ ও আনোয়ার শাহ আলমের অনুসারী। আহত রমিজ শরীফুলের অনুসারী হিসেবে পরিচিত।

ঘটনার প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, নগরীর জিইসি মোড় এলাকায় ঈদ গুভেচ্ছা ব্যানার টাঙানো নিয়ে তাদের মধ্যে দ্বন্দ্বের একপর্যায়ে কুসুমবাগ এলাকায় তারা মুখোমুখি হয়। সেখানে উভয় পক্ষের গোলাগুলি হয়।

গোলাগুলির ঘটনার পর সিএমপি কমিশনার হাসিব আজিজ স্বাক্ষরিত এক আদেশে খুলশী থানার তৎকালীন ওসি মুজিবুর রহমানকে প্রত্যাহার করে পুলিশ লাইন্সে সংযুক্ত করা হয়।

বিএনপি সংঘর্ষ গুলিবদ্ধ মৃত্যু পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 04:02

URL: <https://www.timestodaybd.com/chittagong/251581266>